



জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে বঙ্গবন্ধু শেখ মুজিব ঢাকা ম্যারাথন ২০২১ এর নিবন্ধন কার্যক্রমের উদ্বোধন



জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে বাংলাদেশ সেনাবাহিনীর ১০ আর ই ব্যাটালিয়ন এর ব্যবস্থাপনায় ১৪ ফেব্রুয়ারি ২০২১-রবিবার জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে ভাষা শহীদ রফিক ভবন চত্বরে বঙ্গবন্ধু শেখ মুজিব ঢাকা ম্যারাথন ২০২১ এর নিবন্ধন কার্যক্রমের উদ্বোধন করেন উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান।

এসময় ট্রেজারার অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ, রেজিস্ট্রার, প্রক্টর, পরিচালক (অর্থ ও হিসাব) সহ অন্যান্য শিক্ষক, কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

উল্লেখ্য বঙ্গবন্ধু শেখ মুজিব ঢাকা ম্যারাথন ২০২১ এর ওয়েবসাইট ([www.dhakamarathon.com.bd](http://www.dhakamarathon.com.bd)) ভিজিট করে অথবা মোবাইল অ্যাপস (BSMDM 2021) এর মাধ্যমে নিবন্ধনকারী দৌড়বিদরা ডিজিটাল ম্যারাথনে অংশগ্রহণ করতে পারবেন।